

তারিখ: 15/02/2017

ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর অধীনে লাইসেন্স বাতিল এবং শহরাঞ্চলিক সমবায় ব্যাংক থেকে সমবায় সমিতিতে রূপান্তরণ- দ্য সোজিত্রা কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, জেলা. আনন্দ (গুজরাট)

জনসাধারণের জ্ঞাতার্থে এতদ্বারা ঘোষণা করা হচ্ছে যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক জানুয়ারি 23, 2017 তারিখাঙ্কিত আদেশের মাধ্যমে দ্য সোজিত্রা কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, জেলা. আনন্দ (গুজরাট)-এর লাইসেন্স বাতিল করেছে। অসন্তোষজনক আর্থিক অবস্থান এবং বিধি-অনুপালন সংক্রান্ত খতিয়ানের দিকে দৃষ্টি রেখে, ব্যাঙ্কটিকে পরামর্শ দেওয়া হয়েছিল ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর আওতা থেকে বেরিয়ে যেতে এবং সমবায় সমিতিতে রূপান্তরিত হতে। উক্ত ব্যাঙ্ক, দ্য সোজিত্রা কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড-এ রূপান্তরণের অনুমতির পাওয়ার জন্য উল্লিখিত আইনের ধারা 36(A)(2) দ্বারা নির্ধারিত সকল শর্তাদি পূরণ করেছে। তদনুসারে, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 5 (cci) -এর সংজ্ঞা অনুযায়ী এবং তৎসহ পঠিত উক্ত আইনের ধারা 56 অনুযায়ী, “সমবায় ব্যাঙ্ক” হিসাবে ব্যাঙ্কটির আর কোনও অস্তিত্ব রইল না। তথা উক্ত সমবায় ব্যাঙ্কটির উপর প্রযুক্ত উক্ত আইনের সকল বিধানসমূহ এর পরবর্তী সময় থেকে তার উপর আর প্রযোজ্য রইল না। ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 22 তৎসহ পঠিত ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 56-এর অধীনে উক্ত ব্যাঙ্ক কর্তৃক ব্যাঙ্কিং কার্য সম্পাদন নিষিদ্ধ ঘোষিত হল। এই কারণে, উক্ত ব্যাঙ্ক কর্তৃক ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 5(b)-এর দ্বারা সংজ্ঞায়িত আমানত গ্রহণ/ফেরতপ্রদান সহ “ব্যাঙ্কিং” কার্যাদি পরিচালন নিবারণ করা হল।

প্রেস প্রকাশনি : 2016-2017/2197

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা